কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০৯.১৯-২১৯৪ তারিখঃ ১৭-০৯-২০১৯ খ্রি. / ০২-০৬-১৪২৬ বং

## অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর "ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি প্রজেক্ট (বারি অংগ)" শীর্ষক প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত রীট পিটিশন নং-২৩০/২০১৬ এর ২৮-০৮-২০১৬ তারিখে প্রদত্ত মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক রীটকারীগণকে রাজস্বখাতের পদে আত্মীকরণের নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে, পিটিশনারদের রাজস্বখাতে আত্মীকরণের বিষয়ে 18MLR (AD) 372 এর আলোকে তিনটি পর্যবেক্ষণ অনুসরণের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত রীট পিটিশন নং-২৩০/২০১৬ এর বিরুদ্ধে সুপ্রীম কোর্টের মহামান্য আপীল বিভাগে সিপিএলএ নং-২৩২৪/২০১৭ ও সিপিএল নং-৮৯২/২০১৭ দায়ের করা হলে মহামান্য আপীল আদালত শুনানী শেষে যথাক্রমে ২৫-০৩-২০১৮ ও ০২-০৪-২০১৭ তারিখ আপীলটি ডিসমিস করেন। তৎপ্রেক্ষিতে সিপিএলএ রায়ের বিরুদ্ধে সুপ্রীম কোর্টে ৩৭/২০১৮ নং সিআরপি মামলা দায়ের করলে শুনানীঅন্তে মহামান্য আদালত ১১-১০-২০১৮ তারিখ কয়েকটি শর্ত আরোপ করে রীটকারীগণকে রাজস্বখাতে আত্মীকরণের আদেশ প্রদান করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-২৩০/২০১৬ ও মহামান্য আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-২৩২৪/২০১৭ ও ৮৯২/২০১৭ রায় সার্বিক বিবেচনায় রীটকারীদের নামের পাশে বর্ণিত পদ, কর্মস্থল, মূল বেতন ও বেতনক্রম এবং বর্ণিত শর্তাধীনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের চাকরিতে রাজস্বখাতে আত্মীকরণ (Absorb) করা হলো।

| ক্রমিক | নাম, স্থায়ী ঠিকানা ও জন্ম তারিখ | পদবী | মূল বেতন ও বেতনক্রম/২০১৫ | নিজ জেলা | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | কাজী নজরুল ইসলাম<br>পিতা- কাজী মোতাহার উদ্দিন<br>মাতা- মনোয়ারা বেগম, গ্রামঃ ওয়ার্ড নং-০৭, শান্তিবাগ, হাসপাতাল রোড, বাউফল পৌরসভা, উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী<br>জন্ম তারিখ: ০১-০৪-১৯৭৪ | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২২০০০/-<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | পটুয়াখালী | আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, লেবুখালী, পটুয়াখালী | |

**শর্তাবলীঃ**

১। যোগদানের তারিখ হতে আত্মীকরণ কার্যকর করা হবে এবং প্রচলিত বিধি মোতাবেক যাবতীয় সুযোগ সুবিধা প্রাপ্য হবে।

২। চাকরিতে যোগদানের সময় ডোপটেস্টসহ জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৩। যোগদানের পর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক প্রতিবেদন পাওয়া না গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। অত্র দপ্তরে সংরক্ষিত শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও অন্যান্য তথ্যের সাথে অসঙ্গতি পাওয়া গেলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তার আত্মীকরণ আদেশ বাতিল বলে গণ হবে।

৫। মহামান্য আদালতের আদেশের নির্দেশনা মোতাবেক ইহা একটি বিশেষ নিয়োগ হিসেবে ইনস্টিটিউটে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কেউ এ আদেশের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবেন না।

৬। সিপিএলএ মামলা নং-২৩২৪/২০১৭ তারিখঃ ২৫-০৩-২০১৮ এবং সিআরপি মামলা নং-৩৭/২০১৮ অনুযায়ী মহমান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ১১-১০-২০১৮ তারিখের রায়, সিআরপি মামলা নং-২৮৯/২০১৭ অনুযায়ী মহমান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ১০-০৭-২০১৭ তারিখের রায় এবং সিআরপি মামলা নং-৫৯২/২০১৭ অনুযায়ী মহমান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের ২৬-১১-২০১৭ তারিখের রায়ে উদ্ধৃত "Continuity of Service and other benefits are expunged" অর্থাৎ আপনাকে চাকরিতে যোগদানের পূর্বে চাকরির কোন ধারাবাহিকতা এবং অন্যান্য (আর্থিকসহ) সুবিধা প্রদান করা হবে না।

৭। এতদবিষয়ে সংশ্লিষ্ট মামলাসমূহ প্রত্যাহারপূর্বক সার্টিফাইড কপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন।

৮। আত্মীকৃত কর্মকর্তা/কর্মচারীগণকে নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য জ্যেষ্ঠতা নীতিমালা অনুসরণ করে প্রার্থীদের জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে।

৯। প্রাথমিক অবস্থায় তিনি ১ (এক) বছর শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। তবে প্রয়োজন হলে এই সময় অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করা যাবে। সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল উত্তীর্ণের পর তাকে চাকরিতে স্থায়ী করা যেতে পারে।

১০। শিক্ষানবীশ থাকাকালে তিনি ১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন। নোটিশ প্রদানে ব্যর্থতায় তিনি ইনস্টিটিউটকে ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতি পূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন।

১১। শিক্ষানবীশ হিসাবে চাকরিকালে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তার চাকরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকরি অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতি পূরণ পাবেন না।

১২। চাকরিতে স্থায়ী হওয়ার পর তিনি তার অভিপ্রায় উল্লেখ পূর্বক তিন মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতায় তিনি ইনস্টিটিউটকে তার তিন মাসের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে আনুষ্ঠানিকভাবে ইস্তফাপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তিনি তার চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না।

১৩। অন্যান্য বিষয়ে তার চাকরি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১১, বাংলাদেশ কৃষি গবেষণা ইনটিটিউট কর্মচারী (অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০১ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত অন্যান্য বিধিমালা অনুযায়ী পরিচালিত হবে। এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যৎ প্রণীতব্য বিধি বিধান দ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে।

(ক) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে তিনি মামলা প্রত্যাহারের সার্টিফাইড কপি, ২কপি সদ্য তোলা (৬ মাসের পূর্বের নয়) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদপত্র, প্রকল্পে চাকরির নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্রের মূলকপি, ডোপটেস্ট প্রত্যয়নপত্র, জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্রসহ উপস্থিত হয়ে তার নামের পাশে বর্ণিত কর্মস্থলের ভারপ্রাপ্ত কর্মকর্তা এর নিকট আগামী ২৪-১১-২০১৯ হতে ২৮-১১-২০১৯ তারিখের মধ্যে (সংযোজিত ফরমে) কাজে যোগদান করবেন। বর্ণিত সকল কাগজপত্রের সত্যায়িত ০২ কপি যোগদানের সময় জমা দিতে হবে। উক্ত সময়ের মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে তার আদেশ বাতিল বলে গণ্য হবে।

(খ) সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা আত্মীকৃত কর্মকর্তা/কর্মচারীদের যোগদানপত্র গ্রহণপূর্বক তার সকল কাগজপত্রের এক প্রস্থ (এক কপি ছবি) এবং মামলা প্রত্যাহারের সার্টিফাইড কপি, পুলিশ ভেরিফিকেশন ফরম (পূরণকৃত দুই কপি), ডোপটেস্ট প্রত্যয়নপত্র, জেলা সিভিল সার্জন এর নিকট হতে শারীরিকভাবে সুস্থতার প্রত্যয়নপত্র, দুই প্রস্থ জীবন বৃত্তান্ত, যৌথবীমা ও কল্যাণ তহবিল, সাধারণ ভবিষ্য তহবিল এবং অবসরভাতা সুবিধাদি গ্রহণের মনোনয়নপত্রের ফরম এবং আদেশের সাথে সংযোজিত যৌতুক সম্পর্কিত ঘোষণাপত্র প্রার্থী কর্তৃক পূরণ করে প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কেউ কাজে যোগদান না করলে তাও সত্বর অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-
(ড. আবুল কালাম আযাদ)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.১১.০০৯.১৯-২১৯৪

তারিখঃ ১৭-০৯-২০১৯ খ্রি.
০২-০৬-১৪২৬ বং

**বিতরণঃ**

১। পরিচালক (সেবা ও সরবরাহ/গবেষণা/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন/উদ্যানতত্ত্ব), বারি, জয়দেবপুর, গাজীপুর
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, জয়দেবপুর, গাজীপুর- (আদেশটি বারি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, লেবুখালী, পটুয়াখালী
৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, জয়দেবপুর, গাজীপুর
৫। প্রটোকল অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বারি, জয়দেবপুর, গাজীপুর
৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, জয়দেবপুর, গাজীপুর
৭। জনাব ..........................................................................................................................
৮। পরিবহন কর্মকর্তা, পরিবহণ শাখা, বারি, জয়দেবপুর, গাজীপুর
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, বেনিফিট সেল, বারি, জয়দেবপুর, গাজীপুর
১০। কম্পিউটার সেল/এসিআর সেল, প্রশাসন শাখা, বারি, জয়দেবপুর, গাজীপুর
১১। সংশ্লিষ্ট নথি
১২। ব্যক্তিগত নথি।

(মোঃ মাহমুদুল হাসান)
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন)(চ. দা.)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ৪৯২৭০০১০/৫৪৯২